# মধুপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়

## মধুপুর, টাঙ্গাইল।

### ২য় প্রান্তিক মূল্যায়ন মডেল টেস্ট– ২০২৬

বিষয়: গণিত — শ্রেণি: তৃতীয়

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান: ৭০

১. বহুনির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দাও): ১ × ১০ = ১০

(i) ১৭২ × ৫০-এর সঠিক গুণফল নিচের কোনটি?
(ক) ৫৫০০ (খ) ৮৫০০ (গ) ৮৬০০ (ঘ) ১৭২৫০

(ii) ভাগের ক্ষেত্রে ৭)৪৩(৬, এখানে ভাজ্য কত?
(ক) ১ (খ) ৬ (গ) ৭ (ঘ) ৪৩

(iii) যে আয়তের ৪টি বাহুর দৈর্ঘ্যই একই বা সমান, তাকে কী বলে?
(ক) সামান্তরিক (খ) বর্গ (গ) রম্বস (ঘ) বৃত্ত

(iv) ১৫ × ৬ = □, খালিঘরের সঠিক মান কোনটি?
(ক) ৫০ (খ) ৭৫ (গ) ৫৫ (ঘ) ৬৫

(v) ৯ × ৭ কে নিচের কোন রূপে প্রকাশ করা যায়?
(ক) ৭ কে ৯ বার যোগ (খ) ৯ কে ৭ বার যোগ (গ) ৭+৯ (ঘ) ৯-৭

(vi) ৩ × ৪ ÷ ২ = □, এই হিসাবের সঠিক সরল মান কোনটি?
(ক) ১২ (খ) ২ (গ) ৬ (ঘ) ৮

(vii) ডট কাগজে কোনো আকৃতির বিপরীত বাহুগুলো সমান ও কোণগুলো সমকোণ হলে তাকে কী বলে?
(ক) ত্রিভুজ (খ) আয়ত (গ) বৃত্ত (ঘ) কোণ

(viii) যদি এক গুচ্ছে ৬টি ফুল থাকে, তবে এরূপ ৮ গুচ্ছে কয়টি ফুল থাকবে?
(ক) ১৪টি (খ) ২তি (গ) ৪৮টি (ঘ) ৪২টি

(ix) ২৭ টাকা ৩ জনকে সমানভাবে ভাগ করে দেওয়া হলে, প্রত্যেকে কত টাকা করে পাবে?
(ক) ৯ টাকা (খ) ২৪ টাকা (গ) ৩০ টাকা (ঘ) ২১ টাকা

(x) ময়না একদিনের ৮ ভাগের ২ ভাগ সময় পড়াশোনা করে। সে সারাদিনে কত ঘণ্টা পড়াশোনা করে?
(ক) ৩ ঘণ্টা (খ) ৪ ঘণ্টা (গ) ৬ ঘণ্টা (ঘ) ৮ ঘণ্টা

২. শূন্যস্থান পূরণ করো (সবগুলোর উত্তর দিতে হবে): ২ × ৫ = ১০

(ক) ১০০ পয়সায় ১ টাকা হলে, ১০ টাকায় _________ পয়সা হবে।
(খ) ৪টি সরল রেখা দ্বারা আবদ্ধ আকৃতিকে _________ বলে।
(গ) ১৫ ÷ ৫ × ৩ = □, খালিঘরের মান হবে _________।
(ঘ) যদি কোণটি এক সমকোণের চেয়ে বড় হয়, তবে তাকে _________ কোণ বলে।
(ঙ) নির্দিষ্ট নিয়মে কোনো কিছু (যেমন: সংখ্যা, নকশা বা আকৃতি) সাজানোকে ___ বলে।

৩. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (সবগুলোর উত্তর দিতে হবে): ১ × ১০ = ১০

(i) গুণ্য × গুণক = কী?
(ii) ১৩৬ থেকে কতবার ৪ বিয়োগ করা যায়?
(iii) বর্গের প্রতিটি কোণ কত ডিগ্রি বা কী কোণ?
(iv) ৪১ × ২৪ এর ওপর-নিচ গুণাকার রূপটি দেখাও।
(v) ৪২ ÷ ৭ × ৮ = □, খালিঘরের মান বের করো।
(vi) ৫২ ÷ ৭-এর ভাগফল ও ভাগশেষ লেখো।
(vii) চতুর্ভুজের কয়টি বাহু ও কয়টি কোণ রয়েছে?
(viii) ১টি ইলিশ মাছের দাম ৭৫০ টাকা। এরূপ ২০টি ইলিশ মাছের দাম কত?

৪. গুণ করো (যে কোনো ২ টি): ৩ × ২ = ৬

(ক) ২৩ × ৩১ = □ (খ) ৩১৭ × ২৮ = □

৫. গুণ সংক্রান্ত সমস্যা (২ টি থেকে ১টির উত্তর দাও): ৬ × ১ = ৬

(ক) মিলির টাকার ১৪ গুণ টাকা মুনীর কাছে আছে। মিলির কাছে যদি ২২৫ টাকা থাকে, তবে মুনীর কাছে কত টাকা আছে?
(খ) একটি বাগানে ১৫টি সারি আছে এবং প্রতিটি সারিতে ৩৫টি করে চারাগাছ আছে। বাগানে মোট কতটি চারাগাছ আছে?

৬. ভাগ করো (যে কোনো ২ টি): ৩ × ২ = ৬

(ক) ৩৫ ÷ ৫ = □
(খ) ৯৩ ÷ ১০ = □

৭. ভাগ সংক্রান্ত সমস্যা (২ টি থেকে ১টির উত্তর দাও): ৬ × ১ = ৬

(ক) ৪৮টি পেয়ারা ৬ জনের মধ্যে সমানভাবে বিতরণ করা হলো। প্রত্যেকে কয়টি করে পেয়ারা পেল?
(খ) একটি শ্রেণিতে ৪৫ জন শিক্ষার্থী আছে। প্রতি বেঞ্চে ৩ জন করে বসতে পারলে, তাদের বসার জন্য কয়টি বেঞ্চের প্রয়োজন?

৮. গুণ ও ভাগ সংক্রান্ত মিশ্র সমস্যা (২ টি থেকে ১টির উত্তর দাও): ৬ × ১ = ৬

(ক) ৩০টি করে চকোলেটের ৪টি প্যাকেট কিনে তোমার ১৫ জন বন্ধুর মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে চকোলেট পাবে?
(খ) ১৩টি কলার দাম ১১৭ টাকা হলে, ২৪টি কলা কিনতে কত টাকা লাগবে?

৯. জ্যামিতি (৩টি প্রশ্ন থেকে যেকোনো ২টির উত্তর দাও): ৫ × ২ = ১০

(ক) চিত্রসহ স্থূলকোণ-এর সংজ্ঞা দাও।
(খ) চিত্রসহ বর্গ-এর সংজ্ঞা ও ১টি বৈশিষ্ট্য লেখো।
(গ) স্কেল ব্যবহার করে নিচের ডট কাগজে একটি আয়ত অঙ্কন করো।